ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*********

স- ১৪০৩

শান্তিরবাজার, ২৫ জুন, ২০২৫

**ধরতি আবা জনভাগিদারী অভিযানে জোলাইবাড়ি ব্লকে প্রশাসনিক শিবির অনুষ্ঠিত**

জোলাইবাড়ি ব্লক এলাকাধীন চড়কবাই কমিউনিটি হলে গতকাল ধরতি আবা জনভাগিদারী অভিযানের অঙ্গ হিসাবে এক দিনের প্রশাসনিক ও সচেতনতামূলক শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে শান্তিরবাজার মহকুমা প্রশাসনের পক্ষ থেকে ৩৫টি পিআরটিসি, ৩০টি এসটি, ১৬টি ম্যারেজ এবং ২টি ইনকাম সার্টিফিকেটের জন্য আবেদনপত্র জমা নেওয়া হয়। স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে রোগীদের চিকিৎসা করে বিনামূল্যে ওষুধ দেওয়া হয়। প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের পক্ষ থেকে গবাদি পশুর চিকিৎসা করে বিনামূল্যে ওষুধ দেওয়া হয়। এছাড়াও বিভিন্ন সরকারি দপ্তরের আধিকারিকগণ শিবিরে নানা পরিষেবা প্রদান করেন।

*****